

## বিনা মূল্যে বই বিতরণ করেছে এশিয়া ফাউন্ডেশন

আন্তর্জাতিক নারী দিবস ও মহান স্বাধীনতা দিবস উপলক্ষে দেশের ৩১টি কুলের শিক্ষার্থীদের মধ্যে বিনা মূল্যে চার হাজার বই বিতরণ করেছে দি এশিয়া ফাউন্ডেশন বাংলাদেশ। আর্থিক সহযোগিতায় ছিল পূবালী ব্যাংক লিমিটেড। গতবাল শনিবার রাজধানীর বারিধারায় এক রেডোরায় বই বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। জাতীয় পাঠ্যসূচির বইসহ বিভিন্ন বই বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পূবালী ব্যাংক লিমিটেডের মহাব্যবস্থাপক এবং সিটিও মোহাম্মদ আলী। আরো উপস্থিত ছিলেন 'দি' এশিয়া ফাউন্ডেশন বাংলাদেশের কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ হাসান মঞ্জুমদার, ডেপুটি কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ সারা টেইলর এবং দেশের বিভিন্ন অঞ্চল থেকে আসা কুলের প্রতিনিধিরা। অনুষ্ঠান পরিচালনা করেন এশিয়া ফাউন্ডেশনের বুকস ফর এশিয়া প্রোগ্রামের কো-অর্ডিনেটর শুকলা দে। অনুষ্ঠানে সাংস্কৃতিক পরিবেশনায় ছিল জামগড়া হোপ কুল ও আতলিয়া হোপ কুলের শিক্ষার্থীরা। সংবাদ বিজ্ঞপ্তি